

# North Bengal University Alumni Association

An Association of NBU Alumni

Regn. No. S/1L/7445 of 2001-02

Website :: [www.nbucaa.org](http://www.nbucaa.org) E-mail :: [tps.chatterjee@gmail.com](mailto:tps.chatterjee@gmail.com)

President  
Prof. S.B. Karanjai  
094342-47625

Secretary  
Dr. T.K. Chatterjee  
094347-16901

Treasurer  
F. Rahaman  
094342-58191

## উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সমিতির ১৫তম বার্ষিক অধিবেশন

রবিবার উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সমিতির ১৫তম বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে। অধিবেশনের প্রারম্ভিক পর্বে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন প্রাক্তনী ডঃ শুভ্রা সরকার। স্বাগত ভাষণ দেন প্রাক্তনী সমিতির প্রবীন সদস্য ডঃ আনন্দ গোপাল ঘোষ। তিনি বলেন, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সমিতির সদস্যরা রাজ্য ও দেশের বিভিন্ন প্রাণ্টে ও বিদেশে ছড়িয়ে রয়েছেন। মেধা ও মননের সাধনার মাধ্যমে পশ্চিমবঙ্গের এই সীমান্ত বিশ্ববিদ্যালয় (Frontier University called by Dr. V.V.R.V. Rao, then Education Minister of Govt. of India) ছাত্র-ছাত্রীরা প্রতিভা পেয়েছেন এবং পাচ্ছেন।

আজক্ষের অধিবেশনে প্রদীপ প্রজ্ঞলন করে অনুষ্ঠানের সূচনা করেন শিলগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি ও প্রাক্তনী অধ্যাপক তাপস সরকার। তিনি উদ্বোধনী ভাষণে বলেন, প্রাক্তনী সমিতির সদস্যরা কোনো প্রজেষ্ঠ উত্তরবঙ্গ নিয়ে তৈরী করলে মহকুমা পরিষদ সহযোগীতা করবে। এর পরে প্রাক্তনী সমিতির সম্পাদক ডঃ তাপস কুমার চট্টোপাধ্যায় সম্পাদকীয় প্রতিবেদন পেশ করেন। তিনি জানালেন, প্রাক্তনী সমিতির শাখা শুধু পশ্চিমবঙ্গে নয় সাগর পারের আমেরিকাতেও খোলা হয়েছে। এখন সমিতির সদস্য সংখ্যা সাড়ে চার হাজার। প্রাক্তনী সমিতি উত্তরবঙ্গের বিভিন্ন কলেজে উত্তরবঙ্গের ইতিহাস, অর্থনীতি বা সমকালীন জাতীয় বিষয় নিয়ে আলোচনাচক্রের আয়োজন করেছেন বিগত বছরগুলিতে।

প্রাক্তনী সমিতির কোষাধ্যক্ষ ফজলুর রহমান বিগত বছরের আর্থিক প্রতিবেদন পেশ করতে গিয়ে আবেগদীপ্ত কঠে বলেন যে প্রাক্তনী সমিতি প্রসারে আপনারা সহায়ভাবে এগিয়ে আসুন। অধিবেশনে সভাপতিত্ব করেন প্রাক্তনী সমিতির সভাপতি ডঃ সীতাংশু বিমল করঞ্জাই।

দ্বিতীয় পর্বে ক্যান্সার বিষয়ে বক্তব্য রাখেন প্রাক্তনী ও আমেরিকার একটি ক্যান্সার গবেষণা কেন্দ্রের গবেষক ডঃ অতীশ চক্রবর্তী। এর পরে রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত প্রাক্তনী অধ্যাপিকা ডঃ বিদ্যাবতী আগরওয়ালের রাষ্ট্রপতি পুরস্কারের ভিডিও দেখানো হয় প্রাক্তনীদের। অভিনন্দন জানানো হয় শিক্ষারত্ন সম্মান পাওয়ার জন্য ডঃ মনিদীপা নন্দী বিশ্বাসকে। একই সাথে অধ্যাপিকা ডঃ বিদ্যাবতী আগরওয়ালকেও অভিনন্দন জানানো হয়।

তৃতীয় পর্বে G.S.T. নিয়ে বক্তব্য রাখেন উদ্যোগপতি ও প্রাক্তনী শ্রী অভিশঙ্কর মহলানবীশ।

অধিবেশনে বিভিন্ন পর্বে সঙ্গীত পরিবেশন করেন মনিদীপা নন্দী বিশ্বাস, ডঃ মলয় করঞ্জাই প্রমুখ। অধিবেশনে পাহাড় ও সমতলের বিভিন্ন অঞ্চলের শতাধিক প্রাক্তনী উপস্থিত ছিলেন। এই অধিবেশনে ধূপগুড়ি সুকাস্ত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ নীলাংশু শেখের দাস তার কলেজে একটি আলোচনা চক্র আয়োজনের আমন্ত্রন জানান। পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম-সচিব ডঃ পূরণ কুমার ছেত্রী ডোকালাম নিয়ে একটি প্রদর্শনী করবেন বলে ঘোষণা করেন। সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন প্রাক্তনী শ্রী অতনু রায় ঢৌধুরী।

ডঃ তাপস কুমার চট্টোপাধ্যায়  
সম্পাদক